

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যে কিয়ামুল লাইলের বিবরণ দিলাম তা তিনি ইশা ও ফজরের মাঝে রাতের প্রথম ভাগে ঘুমানোর পর পড়তেন মর্মে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمُصنْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصلِّي مَا وَصنَفْنَاهُ مِنْ صلَاةِ اللَّيْلِ بَيْنَ الْعِشَاءِ وَالْفَجْرِ بَعْدَ نَوْمِهِ مِنْ أُولِ الليل

আরবী

2584 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ عَنِ الْأَسْوَدِ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يَنَامُ أَوَّلَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يَنَامُ أَوَّلَ اللَّيْلِ ثُمَّ يَقُومُ فَيُصَلِّي فَإِذَا كَانَ مِنَ السَّحَرِ أَوْتَرَ فَإِنْ كَانَتْ لَهُ حَاجَةٌ إِلَى أَهْلِهِ وَإِلَّا نَامَ فَإِذَا سَمِعَ الْأَذَانَ وَتَبَ _ وَمَا قَالَتْ: قَامَ _ فَإِنْ كَانَ جُنُباً أَفَاضَ عَلَيْهِ مِنَ الْمَاءِ _ وَمَا قَالَت: اغْتَسَلَ _ وَإِلَّا توضاً وخرج إلى الصلاة.

الراوي: الْأَسْوَد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2584 ا خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২৫৮৪. আসওয়াদ রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "তিনি রাতের প্রথমভাগে ঘুমাতেন তারপর উঠে সালাত আদায় করতেন। অতঃপর যখন ভোরের কাছাকাছি হতো, তখন তিনি বিতর সালাত আদায় করতেন। তারপর যদি তাঁর স্ত্রীর কাছে কোন প্রয়োজন থাকতো (তবে প্রয়োজন পূরণ করতেন) অন্যথায় ঘুমিয়ে যেতেন। অতঃপর যখন আযান শুনতেন, তখন তিনি লাফ দিয়ে উঠতেন -তিনি বলেননি "দাঁড়িয়ে যেতেন"- অতঃপর যদি তিনি জুনুবী থাকতেন, তবে তাঁর উপর পানি ঢেলে দিতেন - তিনি বলেননি "গোসল করতেন"- আর যদি জুনুবী না থাকতেন, তবে তিনি ওয়ু করে সালাত আদায় করার জন্য বেরিয়ে যেতেন।"[1]



ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৩৬৫; মুসনাদ আহমাদ: ৬/২৫৩; সহীহ মুসলিম: ৭৩৯; নাসাঈ: ৩/২১৮; সহীহ আলবুখারী: ১১৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যঈফার ৪১৮১ নং হাদীসের আওতাহুক্ত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন